# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোন ঃ ৯৫৫৬৯১১, ৯৫১৪৬৯২; পিএবিএক্স ৯৫৬০০২১-২৫/২২৩৩; ৯৫৬০০৩১-৩৫/২২৭৪

ই-মেইল ঃ dgmpd2@krishibank.org.bd; www.krishibank.org.bd





মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

***হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট- ১***

সার্কুলার লেটার নং- ০১/২০২০ তারিখ ঃ ০৭-০৪-২০২০খ্রিঃ

বিষয় ঃ বৈশ্বিক মহামারী করোনায় ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রান ও কল্যাণ তহবিলে ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীর ১ (এক) দিনের বেতন প্রদান প্রসংগে।

সম্প্রতি দেশে করোনা ভাইরাস মহামারী আকার ধারণ করেছে। সচেতন নাগরিক হিসেবে বাংলাদেশ কৃষি ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণেরও দেশের করোনা ভাইরাসে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠির সাহায্যার্থে এগিয়ে আসা প্রয়োজন। এরই অংশ হিসেবে করোনা ভাইরাসে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠির সাহায্যার্থে ব্যাংকের সকল কর্মকর্তা-কর্মচারীর ০১ (এক) দিনের বেতন অনুদান হিসাবে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রান ও কল্যাণ তহবিলে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীর এপ্রিল, ২০২০ মাসের বেতন হতে ০১ (এক) দিনের মূলবেতনের সমপরিমাণ অর্থ অনুদান হিসেবে স্বেচ্ছায় প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০৩। প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল বিভাগীয়/অফিস প্রধানগণ প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে অপরপৃষ্ঠায় মুদ্রিত ছকে একটি 'সম্মতিপত্র' সংগ্রহ করতঃ তা সংরক্ষণ করবেন। মুখ্য অঞ্চল/অঞ্চলাধীন প্রধান শাখা ব্যতীত অন্যান্য শাখা সংগৃহীত অনুদানের টাকা মুখ্য অঞ্চল/অঞ্চলের প্রধান শাখার উপর ক্রেডিট এ্যাডভাইস ইস্যু করে অনুদান প্রদানকারী কর্মকর্তা-কর্মচারীগণের নামের তালিকাসহ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় প্রধান শাখা ব্যতীত অঞ্চলাধীন অন্যান্য সকল শাখার এ্যাডভাইসসমূহ প্রাপ্তি নিশ্চিত হয়ে প্রধান শাখায় প্রেরণ করবে। প্রধান শাখা প্রাপ্ত এ্যাডভাইসসমূহ সাড়া প্রদানপূর্বক ক্ষেত্রমতে বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় এবং নিজ শাখাসহ অঞ্চলাধীন সকল শাখার অনুদানের টাকার একীভূত একটিমাত্র ক্রেডিট এ্যাডভাইস সরাসরি প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ (সাবেক কেন্দ্রীয় হিসাব বিভাগ-১) এ প্রেরণ করবে এবং পাশাপাশি নিজ শাখার অনুদান প্রদানকারী কর্মকর্তা-কর্মচারীগণের নামের তালিকা মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণসহ উক্ত একীভূত ক্রেডিট এ্যাডভাইস প্রধান কার্যালয়ে প্রেরণের বিষয়টি মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়কে লিখিতভাবে অবহিত করবে। সামগ্রিক কার্যক্রম সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় নিবিড় মনিটরিং করবে। বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ও অন্যান্য কর্পোরেট শাখাসমূহ স্ব-স্ব শাখার অনুদান প্রদানকারী কর্মকর্তা-কর্মচারীগণের নামের তালিকাসহ অনুদানের ক্রেডিট এ্যাডভাইস সরাসরি প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবে।

০৪। সংশ্লিষ্ট সকল কার্যালয় অনুদানের অর্থ প্রেরণপূর্বক পরবর্তীতে নিরীক্ষণের সুবিধার্থে অনুদান প্রদানকারী কর্মকর্তা-কর্মচারীগণের সম্মতিপত্রসহ একপ্রস্থ তালিকা স্ব স্ব কার্যালয়ে সংরক্ষণ করবে।

০৫। উপর্যুক্ত বিষয়ে ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণের আন্তরিক সহযোগীতা একান্তভাবে কাম্য।

অনুমোদনক্রমে-

০৭.০৪.২০২০

(মোহাম্মদ সেলিম খান)
সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫৬৯১১

নং-প্রকা/এইচআরএমডি-১ সেকশন-২/৩৭(২)(২৮)/২০১৯-২০২০/১৮৭২ তারিখ ঃ ০৭-০৪-২০২০খ্রিঃ

*সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ*

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/ অধ্যক্ষ, বিকেবি ষ্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (***কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো***)।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বিকেবি (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
০৯। নথি/মহানথি।

07/04/2020

(রাম প্রসাদ ঘোষ)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক
ছক

.................. শাখা/কার্যালয়/বিভাগ

বৈশ্বিক মহামারী করোনায় ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রান ও কল্যাণ তহবিলে ০১ (এক) দিনের বেতন অনুদান হিসাবে প্রদানের সম্মতিপত্র।

আমি (নাম)..................................................................., পি এফ সূচক নং- ..........................

পদবী ঃ............................. .... ......... , কর্মস্থলঃ বাংলাদেশ কৃষি ব্যাংক, ........... ...................

.................... ................... ...... ......, বৈশ্বিক মহামারী করোনায় ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে অনুদান হিসেবে প্রদানার্থে আমার এপ্রিল, ২০২০ মাসের বেতন থেকে ১(এক) দিনের মূলবেতনের সমপরিমাণ অর্থ ব্যাংক কর্তৃপক্ষকে প্রদান করতে সম্মত আছি। উক্ত অনুদান আমি স্বেচ্ছায় ও স্বতঃস্ফুর্তভাবে সম্পূর্ণ মানবিক কারণে প্রদান করলাম।

স্বাক্ষরঃ .......................................

নাম ঃ .............................. .........

পদবী ঃ .............................. ........

শাখা/বিভাগ/কার্যালয় ............ ....... ...

তারিখ ঃ.........................................